প্রথম আলো

তারিখ 19 AUG 2008
পৃষ্ঠা ১৭ কলাম ৪

### হাইকোর্ট জানতে চেয়েছেন

# কর্মস্থল ও শিক্ষাপ্রতিষ্ঠানে যৌন হয়রানি বন্ধে কী ব্যবস্থা নেওয়া হচ্ছে

সুপ্রিম কোর্ট প্রতিবেদক

অফিস, আদালতসহ বিভিন্ন কর্মক্ষেত্র ও শিক্ষাপ্রতিষ্ঠানে যৌন হয়রানি বন্ধে কী ব্যবস্থা নেওয়া হচ্ছে, সরকারের কাছে তা জানতে চেয়েছেন হাইকোর্ট। গতকাল সোমবার, বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন ও বিচারপতি ফরিদ আহমেদ সমন্বয়ে গঠিত বেঞ্চ এ তথ্য জানতে চান।

আগামী ১২ অক্টোবরের মধ্যে আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়, মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়, শ্রম মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়ের সচিবসহ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এবং ঢাকা ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে এসব তথ্য জানানোর নির্দেশ দেওয়া হয়।

৭ আগস্ট এসব স্থানে যৌন হয়রানি বন্ধের জন্য কেন নতুন আইন বা বিধিমালা প্রণয়ন করার নির্দেশ দেওয়া হবে না তা জানাতে সরকারের প্রতি রুল জারি করেন হাইকোর্ট। এক সপ্তাহের মধ্যে রুলের জবাব দিতে বলা হয়।

কর্মস্থল ও শিক্ষাপ্রতিষ্ঠানে নারী-শিশুদের যৌন হয়রানি প্রতিরোধের দিকনির্দেশনা চেয়ে জনস্বার্থে করা এক রিট আবেদনের পরিপ্রেক্ষিতে এ রুল জারি করা হয়। বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতির পক্ষে এ রিট দায়ের করা হয়।